

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ৩, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা

[মূল্য সংযোজন কর]

আদেশ

তারিখ : ১২ মাঘ ১৪২২ বঙ্গাব্দ/২৫ জানুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয় : ঢাকাস্থ তুরস্কের দূতাবাসে কর্মরত কূটনীতিকগণের সন্তানদের বেসরকারি প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের বেতনের (Tuition Fee) উপর আরোপণীয় মূল্য সংযোজন কর অব্যাহতি।

নং ১/মূসক/২০১৬—যেহেতু, ঢাকাস্থ তুরস্কের দূতাবাসে কর্মরত কূটনীতিকগণের সন্তানদের বাংলাদেশে অবস্থিত বেসরকারি প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের বেতনের উপর আরোপণীয় মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতি প্রদান করা হইলে বাংলাদেশ ও তুরস্কের মধ্যে বিদ্যমান সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক আরো সুদৃঢ় হইবে; এবং

যেহেতু Principle of reciprocity-র ভিত্তিতে উক্ত মূসক অব্যাহতি সুবিধা প্রদত্ত হইলে একই সুবিধা তুরস্কে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে কর্মরত কূটনীতিকগণের সন্তানেরাও ভোগ করিবেন।

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ১৪(২) এ প্রদত্ত ক্ষমতাবলে ঢাকাস্থ তুরস্কের দূতাবাসে কর্মরত কূটনীতিকগণের সন্তানদের বাংলাদেশে অবস্থিত বেসরকারি প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের বেতনের উপর আরোপণীয় মূসক হইতে নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি প্রদান করিল, যথা :

(১০১৩)

মূল্য : টাকা ৪.০০

শর্তঃ তুরস্কে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে কর্মরত কূটনীতিকগণের সন্তানদের উক্ত দেশের বেসরকারি প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের বেতনের উপর আরোপণীয় মূল্য সংযোজন কর (মুসক) বা একইরূপ কোন কর হইতে অব্যাহতি প্রদান সংক্রান্ত প্রজ্ঞাপন (Notification) তুরস্ক সরকার কর্তৃক জারি হওয়ার তারিখ হইতে এই অব্যাহতি সুবিধা কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান

চেয়ারম্যান।